# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল
**www.barisalboard.gov.bd**

স্মারক নং-বশিবো/কলেজ/অনু:/২০২৫/ ৮৩৮৬ তারিখ : ১৭.০৯.২০২৫খ্রি;

বিষয় : **২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (https://www.xiclassadmission.gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ | ২১/০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২২/০৯/২০২৫ (সোমবার রাত ১০.০০ টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৪/০৯/২০২৫ (বুধবার রাত ৮.০০ টায়) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর selection নিশ্চায়ন | ২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) থেকে<br>২৬/০৯/২০২৫ (শুক্রবার রাত ৮.০০ পর্যন্ত) |
| ৪ | কলেজে ভর্তি | ২৮/০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২৯/০৯/২০২৫ (সোমবার পর্যন্ত) |

**বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

17/09/2025

**প্রফেসর ড. মোঃ জসিম উদ্দিন**
**আইডি নং-৯২৮৪**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১২০৮১৬৩৯
gmail : jasim0071@gmail.com